৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

**একাউন্টস এন্ড বাজেটিং ডিপার্টমেন্ট**

এএন্ডবিডি সার্কুলার নং-১

তারিখঃ ২০ জ্যৈষ্ঠ, ১৪৩২
০৩ জুন, ২০২৫

ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**<u>সুইফট সিস্টেমে ISO 20022 Standard মাইগ্রেশন প্রসঙ্গে।</u>**

আন্তর্জাতিক লেনদেনসহ Interbank Transaction এর ক্ষেত্রে সুইফট সিস্টেম বিশ্বব্যাপী সমাদৃত, নির্ভরযোগ্য ও বহুল ব্যবহৃত একটি মেসেজিং প্লাটফর্ম। বাংলাদেশে কেন্দ্রীয় ব্যাংকসহ তফসিলি ব্যাংকসমূহ সুইফট সিস্টেম ব্যবহারকারী। মেসেজ এর ক্ষেত্রে বিদ্যমান MT ফরম্যাট হতে MX ফরম্যাট এর গ্লোবাল স্ট্যান্ডার্ড ISO 20022 এ মাইগ্রেশনের এর জন্য সুইফট কর্তৃপক্ষ ২২ নভেম্বর ২০২৫ চূড়ান্ত সময়সীমা (Deadline) নির্ধারণ করেছে। এ সময়ের পর সুইফট সিস্টেমে পরিশোধ বার্তাসমূহের ক্ষেত্রে MT Message লেনদেন করা যাবে না।

০২। বর্ণিত প্রেক্ষিতে দেশে কার্যরত সকল তফসিলি ব্যাংকের সুইফট সিস্টেমের লেনদেন বার্তা উল্লিখিত চূড়ান্ত সময়সীমার পূর্বে মাইগ্রেশনের সকল প্রস্তুতি ও টেস্টিং সম্পন্ন করা, সংশ্লিষ্ট জনবলের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান, টেস্টিং সময়ে কারিগরি ও পরিচালন সমস্যা চিহ্নিতকরণ, উদ্ভূত সমস্যা সমাধান এবং প্রয়োজনে এতদ্‌সংশ্লিষ্ট সকল পক্ষ ও অংশীজনদের সাথে মতবিনিময়, প্রয়োজনীয় নীতি-নির্দেশনা জারি ইত্যাদি কার্যক্রমে পর্যাপ্ত সময় আবশ্যক হবে।

০৩। এতদুদ্দেশ্যে ISO 20022 মাইগ্রেশনের প্রস্তুতি জুন, ২০২৫ এর মধ্যে সম্পন্ন করে জুলাই হতে টেস্টিং কার্যক্রম শুরু এবং জনবলের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান, সমস্যা (যদি থাকে) চিহ্নিত করে উদ্ভূত সমস্যা সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা সংশ্লিষ্ট অংশীজন ও বাংলাদেশ ব্যাংককে অবহিত করাসহ অক্টোবর, ২০২৫ এর মধ্যে যথাদ্রুত সম্ভব Live Operation নিশ্চিত করতে হবে।

০৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশ জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,
06.06.2025

(মো: মঈনুল ইসলাম)
পরিচালক (এএন্ডবিডি)
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
ফোন নং-৯৫৩০১৪৩